গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৯৬

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০ / ১৮ জুন ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২২-২৩ অর্থবছরে খরিপ/২০২৩-২৪ মৌসুমে প্রণোদনা কর্মসূচির আওতায় রোপা আমন ধানের (হাইব্রিড) জাতের বীজ বাবদ ৫০২.৩১ লক্ষ (পাঁচ কোটি দুই লক্ষ একত্রিশ হাজার) টাকা অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

**সূত্র: কৃষি মন্ত্রণালয়ের পুন:উপযোজন সংক্রান্ত জিও নং ১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৯৫ তারিখ ১৮ জুন ২০২৩ খ্রি.**

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকমূলে পুন:উপযোজনের পরিপ্রেক্ষিতে, ২০২২-২৩ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৫০০০০.০০ লক্ষ (পাঁচশত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৯- বীজ ও চারা' উপখাত হতে ৪৯৯.৩১ লক্ষ (চার কোটি নিরানব্বই লক্ষ একত্রিশ হাজার) টাকা, ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাত হতে ৩.০০ লক্ষ (তিন লক্ষ ) টাকা অর্থাৎ সর্বমোট ৫০২.৩১ লক্ষ (পাঁচ কোটি দুই লক্ষ একত্রিশ হাজার) টাকা ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে রোপা আমন ধানের (হাইব্রিড জাত) বীজ বিতরণের নিমিত্ত নিম্নে বর্ণিত ০২ নং অনুচ্ছেদের বিভাজন, ০৩নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ৪৫ টি জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ১টি পার্বত্য জেলার (বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। **২০২২-২৩ রোপা আমন ধানের (হাইব্রিড) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষি প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন:**

লক্ষ টাকা

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | বীজের পরিমান (মে.টন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ১ | গাজীপুর | ৪৫৮ | ০.৯১৬ | ৩.৮০০০০ | ০.০১২০০ | ০.০০৩০০ | ০.০১৫০০ | ৩.৮১৫০০ |
| ২ | নরসিংদী | ১০০ | ০.২০০ | ০.৮৩০০০ | ০.০০৩০০ | ০.০০২০০ | ০.০০৫০০ | ০.৮৩৫০০ |
| ৩ | মানিকগঞ্জ | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ৪ | টাঙ্গাইল | ২০০০ | ৪.০০০ | ১৬.৬০০০০ | ০.০৬০০০ | ০.০৪০০০ | ০.১০০০০ | ১৬.৭০০০০ |
| ৫ | কিশোরগঞ্জ | ১৫০০ | ৩.০০০ | ১২.৪৫০০০ | ০.০৪৫০০ | ০.০৩০০০ | ০.০৭৫০০ | ১২.৫২৫০০ |
| ৬ | ময়মনসিংহ | ২৫০০ | ৫.০০০ | ২০.৭৫০০০ | ০.০৭৫০০ | ০.০৫০০০ | ০.১২৫০০ | ২০.৮৭৫০০ |
| ৭ | জামালপুর | ৪০০০ | ৮.০০০ | ৩৩.২০০০০ | ০.১২০০০ | ০.০৮০০০ | ০.২০০০০ | ৩৩.৪০০০০ |
| ৮ | শেরপুর | ৩৭০০ | ৭.৪০০ | ৩০.৭১০০০ | ০.১১১০০ | ০.০৭৪০০ | ০.১৮৫০০ | ৩০.৮৯৫০০ |
| ৯ | নেত্রকোনা | ১২০০ | ২.৪০০ | ৯.৯৬০০০ | ০.০৩৬০০ | ০.০২৪০০ | ০.০৬০০০ | ১০.০২০০০ |
| ১০ | কুমিল্লা | ৫০০ | ১.০০০ | ৪.১৫০০০ | ০.০১৫০০ | ০.০১০০০ | ০.০২৫০০ | ৪.১৭৫০০ |
| ১১ | চাঁদপুর | ৪০০ | ০.৮০০ | ৩.৩২০০০ | ০.০১২০০ | ০.০০৮০০ | ০.০২০০০ | ৩.৩৪০০০ |
| ১২ | ব্রাহ্মণবাড়িয়া | ১০০ | ০.২০০ | ০.৮৩০০০ | ০.০০৩০০ | ০.০০২০০ | ০.০০৫০০ | ০.৮৩৫০০ |
| ১৩ | মৌলভীবাজার | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ১৪ | চট্টগ্রাম | ১৩০০ | ২.৬০০ | ১০.৭৯০০০ | ০.০৩৯০০ | ০.০২৬০০ | ০.০৬৫০০ | ১০.৮৫৫০০ |
| ১৫ | কক্সবাজার | ৫০০ | ১.০০০ | ৪.১৫০০০ | ০.০১৫০০ | ০.০১০০০ | ০.০২৫০০ | ৪.১৭৫০০ |
| ১৬ | লক্ষ্মীপুর | ৪০০ | ০.৮০০ | ৩.৩২০০০ | ০.০১২০০ | ০.০০৮০০ | ০.০২০০০ | ৩.৩৪০০০ |
| ১৭ | বান্দরবান | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ১৮ | রাজশাহী | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ১৯ | নওগাঁ | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ২০ | নাটোর | ৭০০ | ১.৪০০ | ৫.৮১০০০ | ০.০২১০০ | ০.০১৪০০ | ০.০৩৫০০ | ৫.৮৪৫০০ |
| ২১ | চাঁপাইনবাবগঞ্জ | ১০০ | ০.২০০ | ০.৮৩০০০ | ০.০০৩০০ | ০.০০২০০ | ০.০০৫০০ | ০.৮৩৫০০ |
| ২২ | বগুড়া | ১৭০০ | ৩.৪০০ | ১৪.১১০০০ | ০.০৫১০০ | ০.০৩৪০০ | ০.০৮৫০০ | ১৪.১৯৫০০ |
| ২৩ | জয়পুরহাট | ১৫০০ | ৩.০০০ | ১২.৪৫০০০ | ০.০৪৫০০ | ০.০৩০০০ | ০.০৭৫০০ | ১২.৫২৫০০ |

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন/বিঘা) | বীজের পরিমান (মে.টন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | | | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট অন্যান্য ব্যয় | |
| ২৪ | পাবনা | ৫০০ | ১.০০০ | ৪.১৫০০০ | ০.০১৫০০ | ০.০১০০০ | ০.০২৫০০ | ৪.১৭৫০০ |
| ২৫ | সিরাজগঞ্জ | ৪০০ | ০.৮০০ | ৩.৩২০০০ | ০.০১২০০ | ০.০০৮০০ | ০.০২০০০ | ৩.৩৪০০০ |
| ২৬ | রংপুর | ৪২০০ | ৮.৪০০ | ৩৪.৮৬০০০ | ০.১২৬০০ | ০.০৮৪০০ | ০.২১০০০ | ৩৫.০৭০০০ |
| ২৭ | গাইবান্ধা | ৫০০ | ১.০০০ | ৪.১৫০০০ | ০.০১৫০০ | ০.০১০০০ | ০.০২৫০০ | ৪.১৭৫০০ |
| ২৮ | কুড়িগ্রাম | ২৫০০ | ৫.০০০ | ২০.৭৫০০০ | ০.০৭৫০০ | ০.০৫০০০ | ০.১২৫০০ | ২০.৮৭৫০০ |
| ২৯ | লালমনিরহাট | ৯০০ | ১.৮০০ | ৭.৪৭০০০ | ০.০২৭০০ | ০.০১৮০০ | ০.০৪৫০০ | ৭.৫১৫০০ |
| ৩০ | নীলফামারী | ৪০০০ | ৮.০০০ | ৩৩.২০০০০ | ০.১২০০০ | ০.০৮০০০ | ০.২০০০০ | ৩৩.৪০০০০ |
| ৩১ | দিনাজপুর | ২০০০ | ৪.০০০ | ১৬.৬০০০০ | ০.০৬০০০ | ০.০৪০০০ | ০.১০০০০ | ১৬.৭০০০০ |
| ৩২ | ঠাকুরগাঁও | ৪০০০ | ৮.০০০ | ৩৩.২০০০০ | ০.১২০০০ | ০.০৮০০০ | ০.২০০০০ | ৩৩.৪০০০০ |
| ৩৩ | পঞ্চগড় | ২৫০০ | ৫.০০০ | ২০.৭৫০০০ | ০.০৭৫০০ | ০.০৫০০০ | ০.১২৫০০ | ২০.৮৭৫০০ |
| ৩৪ | যশোর | ২০০০ | ৪.০০০ | ১৬.৬০০০০ | ০.০৬০০০ | ০.০৪০০০ | ০.১০০০০ | ১৬.৭০০০০ |
| ৩৫ | মাগুড়া | ১৭০০ | ৩.৪০০ | ১৪.১১০০০ | ০.০৫১০০ | ০.০৩৪০০ | ০.০৮৫০০ | ১৪.১৯৫০০ |
| ৩৬ | ঝিনাইদহ | ২০০০ | ৪.০০০ | ১৬.৬০০০০ | ০.০৬০০০ | ০.০৪০০০ | ০.১০০০০ | ১৬.৭০০০০ |
| ৩৭ | কুষ্টিয়া | ১৭০০ | ৩.৪০০ | ১৪.১১০০০ | ০.০৫১০০ | ০.০৩৪০০ | ০.০৮৫০০ | ১৪.১৯৫০০ |
| ৩৮ | চুয়াডাঙ্গা | ৭০০ | ১.৪০০ | ৫.৮১০০০ | ০.০২১০০ | ০.০১৪০০ | ০.০৩৫০০ | ৫.৮৪৫০০ |
| ৩৯ | খুলনা | ১২০০ | ২.৪০০ | ৯.৯৬০০০ | ০.০৩৬০০ | ০.০২৪০০ | ০.০৬০০০ | ১০.০২০০০ |
| ৪০ | বাগেরহাট | ৬০০ | ১.২০০ | ৪.৯৮০০০ | ০.০১৮০০ | ০.০১২০০ | ০.০৩০০০ | ৫.০১০০০ |
| ৪১ | নড়াইল | ১৮০০ | ৩.৬০০ | ১৪.৯৪০০০ | ০.০৫৪০০ | ০.০৩৬০০ | ০.০৯০০০ | ১৫.০৩০০০ |
| ৪২ | পিরোজপুর | ২০০ | ০.৪০০ | ১.৬৬০০০ | ০.০০৬০০ | ০.০০৪০০ | ০.০১০০০ | ১.৬৭০০০ |
| ৪৩ | ফরিদপুর | ৭০০ | ১.৪০০ | ৫.৮১০০০ | ০.০২১০০ | ০.০১৪০০ | ০.০৩৫০০ | ৫.৮৪৫০০ |
| ৪৪ | রাজবাড়ী | ১৩০০ | ২.৬০০ | ১০.৭৯০০০ | ০.০৩৯০০ | ০.০২৬০০ | ০.০৬৫০০ | ১০.৮৫৫০০ |
| ৪৫ | গোপালগঞ্জ | ১০০০ | ২.০০০ | ৮.৩০০০০ | ০.০৩০০০ | ০.০২০০০ | ০.০৫০০০ | ৮.৩৫০০০ |
| ৪৬ | শরীয়তপুর | ১০০ | ০.২০০ | ০.৮৩০০০ | ০.০০৩০০ | ০.০০২০০ | ০.০০৫০০ | ০.৮৩৫০০ |
| | মোট | ৬০১৫৮ | ১২০.৩১৬ | ৪৯৯.৩১০০০ | ১.৮০৩০০ | ১.১৯৭০০ | ৩.০০০০০ | ৫০২.৩১০০০ |

০৪। **২০২২-২৩ রোপা আমন ধানের (হাইব্রিড) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি'ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।**

০৫। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যতাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের রোপা আমন ধান (হাইব্রিড জাত) ফসল আবাদের জমি এবং চলতি ২০২২-২৩ অর্থবছরে রোপা আমন (হাইব্রিড জাত) ফসল আবাদ সম্ভাবনার নিরিখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন। বিভাজন অনুযায়ী বরাদ্দ প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে ইউনিয়নওয়ারী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন;

৪. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্বলিতভাবে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২.০ কেজি রোপা আমন হাইব্রিড বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৮. এ কর্মসূচির আওতায় রোপা আমন ধানের হাইব্রিড বীজ হেক্টর প্রতি ৩.৯০ মে.টনের বেশি ফলনশীল ও এলাকা উপযোগী জাত বিএডিসি/ প্রতিষ্ঠিত বেসরকারি কোম্পানি-এর নিকট হতে ক্রয় করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য হাইব্রিড রোপা আমন বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ৪৫ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ১টি পার্বত্য জেলার (বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৪৫ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ১টি পার্বত্য জেলার (বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৯৬

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০ / ১৮ জুন ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

তারিখ :

নং-

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ : ০৪ আষাঢ় ১৪৩০ / ১৮ জুন ২০২৩

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৩.২২.১৯৬

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, জেলা পরিষদ (বান্দরবান) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৫ জেলা)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৪৬ টি জেলা)।
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৪৬ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮/০৬/২০২৩

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-২ শাখা**

**২০২২-২৩ অর্থবছরে খরিপ/২০২৩-২৪ মৌসুমে রোপা আমন ধানের হাইব্রিড জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রদান কর্মসূচি।**

**কর্মসূচির উদ্দেশ্য:**

১. রোপা আমন ধান ফসলের নতুন হাইব্রিড জাতের আবাদ ও উৎপাদন বৃদ্ধি করা।
২. রোপা আমন ধান ফসলের নতুন হাইব্রিড জাতের আধুনিক প্রযুক্তির সম্প্রসারণ।
৩. কৃষকগণ রোপা আমন ধান ফসলের উৎপাদন বৃদ্ধি করে আর্থিকভাবে লাভবান হতে পারে।
৪. দেশের খাদ্য উৎপাদনের বর্তমান ধারা অব্যাহত রাখা।
৫. কর্মসূচির আওতাভূক্ত কৃষকদের কৃষিযন্ত্রের ব্যবহার ও আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে উদ্বুদ্ধ করা।

**কর্মসূচির যৌক্তিকতা:**

হাইব্রিড জাত ব্যবহারের মাধ্যমে আধুনিক কৃষি প্রযুক্তির প্রসারে রোপা আমন ধানের উৎপাদন খরচ কমানো, শ্রমিক সংকট নিরসন ও সময় সাশ্রয়ের লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণে কৃষকগণ উৎসাহিত হবে।

**প্রত্যাশিত সুফল:**

এ কর্মসূচির আওতায় ৬০১৫৮ (ষাট হাজার এক শত পঞ্চাশ) জন উপকারভোগী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক বিনামূল্যে রোপা আমন ফসলের উফশী বীজ ও সার সহায়তা পাবে। এতে রোপা আমন ফসলের হাইব্রিড জাতের আবাদ প্রায় ৮০২১.০৭ হেক্টর বৃদ্ধি পাবে এবং ০.৩১২৮২ লক্ষ মে.টন অতিরিক্ত চাল উৎপাদন হবে। ফলশ্রুতিতে কৃষকগণ উফশী রোপা আমনের হাইব্রিড জাত চাষে উৎসাহিত হবে এবং পরবর্তীতে রোপা আমনের হাইব্রিড জাতের আবাদ বৃদ্ধি ও সম্প্রসারণ হবে। প্রস্তাবিত এ কর্মসূচি বাস্তবায়িত হলে ৬০১৫৮ বিঘা ৮০২১.০৭ হেক্টর) জমিতে হাইব্রিড রোপা আমন চাষ করা সম্ভব হবে। এতে প্রায় ০.৩১২৮২ লক্ষ মে.টন চাল উৎপাদন হবে (৩.৯ মে.টন/হেক্টর হিসেবে), যার মূল্য ১২৫১২.৮৬৪০০ লক্ষ টাকা (প্রতি কেজি ৪০/- হিসেবে) এবং এতে খড় উৎপাদন হবে ০.৪৬৬১০ লক্ষ মেট্রিক টন যার মূল্য ১৩৯৮.৩১২৫৫ লক্ষ টাকা (প্রতি কেজি ৩/- হিসেবে)। অর্থাৎ উৎপাদিত পণ্যের মোট আয় হবে ১৩৯১১.১৭৬৫৫ লক্ষ টাকা অর্থাৎ ১৩৯ কোটি ১১ লক্ষ ১৭ হাজার ৬৫৫ টাকা। বিঘাপ্রতি উপকরণ সহায়তা বাবদ ব্যয় ৮৩৫ টাকা। সে হিসাবে কর্মসূচিভূক্ত ৬০১৫৮ বিঘা জমিতে (৮০২১.০৭ হেক্টর) কৃষকের অন্যান্য ব্যয়সহ মোট উৎপাদন ব্যয় ৬১১৭.১৭৬৫৫ লক্ষ টাকা অর্থাৎ ৬১১ কোটি ৭ লক্ষ ১৭ হাজার ৬৫৫ টাকা। অর্থাৎ ১ টাকা ব্যয় করে আয় হবে ২.২৭ টাকা।

## বাস্তবায়ন নীতিমালা:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যতাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের রোপা আমন ধান (হাইব্রিড জাত) ফসল আবাদের জমি এবং চলতি ২০২২-২৩ অর্থবছরে রোপা আমন (হাইব্রিড জাত) ফসল আবাদ সম্ভাবনার নিরিখে উপযুক্ততা ও লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন। বিভাজন অনুযায়ী বরাদ্দ প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে ইউনিয়নওয়ারী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন;
৪. জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd) প্রেরণ করবে। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সম্বলিতভাবে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৫. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের স্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের স্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;
৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২.০ কেজি রোপা আমন হাইব্রিড বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৮. এ কর্মসূচির আওতায় রোপা আমন ধানের হাইব্রিড বীজ হেক্টর প্রতি ৩.৯০ মে.টনের বেশি ফলনশীল ও এলাকা উপযোগী জাত বিএডিসি/ প্রতিষ্ঠিত বেসরকারি কোম্পানি-এর নিকট হতে ক্রয় করতে হবে;

৯. এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য হাইব্রিড রোপা আমন বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা এবং উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাংখিত মানের হতে হবে কোন অবস্থাতেই বীজ ও সার কাংখিত মানের না হলে সেজন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এর ০১ (এক) কপি ৪৫ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ১টি পার্বত্য জেলার (বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে এছাড়া, বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৪৫ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটি এবং ১টি পার্বত্য জেলার (বান্দরবান) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

২৮/০৫/২০২৬

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতার ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচির সহায়তা বাবদ প্রাপ্ত বীজ পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত সার/ বীজ /কীটনাশক এর ব্যবহার/ ম্যানেজম্যান্টের জন্য উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ- | |